


যদি আপনার স্মোক অ্যালার্ম বেজে উঠে কিংবা আপনি আগুন দেখতে পান তাহলে



বাড়িতে অগ্নি নিরাপত্তা

বাড়ি থেকে বের হওয়ার পরিকল্পনার উদাহরণ



১. বাড়ি থেকে বের হতে আপনার হোম ফায়ার এক্সেপ প্ল্যান* ব্যবহার করুন
২. নিচু হয়ে তাড়াতাড়ি বের হয়ে যান
৩. যদি সম্ভব হয় তাহলে আপনার পেছনে দরজা বন্ধ করে দিন
৪. আপনার মিটিং এর স্থানে চলে যান
৫. ০০০ নম্বরে কল করুন এবং ফায়ারের সাথে সংযোগ দিতে বলুন
৬. বাইরে থাকুন - আবার বাড়ির ভেতরে ঢুকতে যাবেন না
৭. দমকল কর্মীদের আসার জন্য অপেক্ষা করুন।

*আপনার নিজের একটি হোম ফায়ার এক্সেপ প্ল্যান তৈরি করে রাখুন



অন্যান্য সহজ টিপস

১. রান্না করার সময় খেয়াল রাখুন
২. সকল দাহ্য পদার্থগুলোকে হিটার/ফায়ার প্লেস থেকে এক মিটার দূরে রাখুন
৩. বাড়ির বাইরের রান্নার সরঞ্জামগুলোকে ভেতরে ব্যবহার করবেন না
৪. ব্যবহারের আগে আপনার ড্রায়ারের লিফ্ট ফিল্টার পরিষ্কার করে নিন
৫. বাতিগুলো পর্দা থেকে দূরে রাখুন এবং কখনই ফেলে রেখে যাবেন না
৬. পাওয়ার বোর্ড কিংবা পাওয়ার পয়েন্টগুলোকে ওভারলোড করবেন না
৭. আপনার স্কু এবং চিমনি নিয়মিত পরিষ্কার করা হচ্ছে কিনা তা নিশ্চিত করুন
৮. বিছানায় ধূমপান করবেন না অথবা হুইট ব্যাগ ব্যবহার করবেন না
৯. যদি আপনার কাপড়ে আগুন ধরে যায় - তাহলে থেমে কাপড়টি ফেলে দিন এবং এরপর এটিকে ঢেকে গুটিয়ে ফেলুন।

ফায়ার এক্সেপ প্ল্যান বা আগুন লাগলে বাড়ি থেকে বের হওয়ার পরিকল্পনা

১. নিজের ঠিকানা জেনে নিন
২. প্রতিটি রুম থেকে বের হওয়ার জন্য দুটি পথ রাখার চেষ্টা করুন
৩. বের হওয়ার রাস্তাটি বাধাহীন রাখুন
৪. দরজা জানালার চাবিগুলো লকে রাখুন যাতে সেগুলো সহজেই খোলা যায়
৫. আপনার মিলিত হওয়ার স্থানটি জেনে নিন - আপনার বাড়ির সামনে যেখানে দমকল কর্মীরা আপনাদের দেখতে পারে
৬. মাঝে মাঝেই বাড়ির সবাইকে নিয়ে আপনাদের এক্সেপ প্ল্যানটি প্র্যাকটিস করুন।



স্মোক অ্যালার্ম - আমরা যা সুপারিশ করি

স্মোক অ্যালার্ম সম্পর্কিত টিপস

১. সকল লিভিং এরিয়া, হলওয়ে, এবং বেডরুমে অন্তত একটি স্মোক অ্যালার্ম রাখুন
২. পরস্পর সংযুক্ত স্মোক অ্যালার্ম - যদি একটি অ্যালার্ম বেজে উঠে, সবগুলো অ্যালার্ম বেজে উঠবে
৩. মাসে একবার আপনার স্মোক অ্যালার্ম টেস্ট করুন। এর জন্য যতক্ষণ না এটি বেজে উঠছে ততক্ষণ পর্যন্ত টেস্ট বাটনটি চেপে ধরে রাখুন
৪. প্রতি ৬ মাস অন্তর ডায়াকিউম দিয়ে আপনার স্মোক অ্যালার্মের ধুলো পরিষ্কার করে দিন
৫. প্রতি বছর ব্যাটারি বদলে দিন (যদি এটি অ্যান্ডালাইন হয়ে থাকে)
৬. প্রতি ১০ বছর অন্তর পুরো অ্যালার্মটিই বদলে ফেলুন।

ওবেরন ফায়ার স্টেশনের ক্যাপ্টেন কেভেন ভারহোভেন বলেছেন, "আপনার বাড়িতে কার্যকরী স্মোক অ্যালার্ম ছাড়া, আপনি এবং আপনার পরিবার হয়তো আজ রাতে ঘুমাতে যাচ্ছেন এবং আর কখনও জেগে উঠবেন না। এ কথাটির উদ্দেশ্য আপনাকে ভয় দেখানো নয় এবং এটি অতিরঞ্জিত কোন কিছুও নয়, এটি এমন কিছু সত্য যা এমন একজনের কাছ থেকে এসেছে যিনি তাদের বাড়ির আগুনের একটি বড় অংশ উভয় দিকে যেতে দেখেছেন।"

আপনার কি একটি কার্যকরী স্মোক অ্যালার্ম আছে?

শুধুমাত্র কার্যকর স্মোক অ্যালার্মই জীবন বাঁচায়, আমাদের দমকল কর্মীরা আপনার বাড়িতে গিয়ে আপনার স্মোক অ্যালার্মগুলো চেক করে আপনাকে কিছু অগ্নি নিরাপত্তা পরামর্শ দিতে পারে।



বিনামূল্যে একটি সেফটি ডিজিট বুক করতে আপনার স্থানীয় ফায়ার স্টেশনের সাথে যোগাযোগ করুন কিংবা **fire.nsw.gov.au/visits** ওয়েবসাইটে রেজিস্টার করুন।

বাড়ির মালিক এবং এজেন্টদের জন্য তথ্য

NSW - এ বাড়িওয়ালা এবং এজেন্টদের অবশ্যই প্রতি বছর ভাড়ার বাড়িতে স্মোক অ্যালার্মগুলোর কার্যকারিতা চেক করতে হবে। যদি কোন অ্যালার্ম কাজ না করে তবে এটি অবশ্যই দুই কর্মদিবসের মধ্যে মেরামত করতে হবে। **fairtrading.nsw.gov.au** ওয়েবসাইটে আরও তথ্য পাওয়া যাবে।